Bangladesh Association of International Recruiting Agencies
(BAIRA)

(ই-মেইল/হোয়াটসঅ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নং: বায়রা/৩(৯)/২০২৬/৪২০

তারিখঃ ১৫ শ্রাবণ ১৪৩৩ / ৩০ জুলাই ২০২৬

প্রাপক :
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।

বিষয়ঃ রিক্রুটিং এজেন্সি সংশ্লিষ্ট সামগ্রিক কার্যক্রম মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

মহোদয়,
আস্-সালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ্।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ১৩/০৭/২০২৬ তারিখে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে অনুষ্ঠিত রিক্রুটিং এজেন্সি সংশ্লিষ্ট সামগ্রিক কার্যক্রম মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী এর কপি এদতসংগে প্রেরণ পূর্বক সদয় অবগতি ও কার্যার্থে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০৫ পৃষ্ঠা বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

অনুলিপিঃ
১। প্রশাসক, বায়রা।
২। নোটিশ বোর্ড (বায়রা, ডাটাবেজ ও BISTI)/ওয়েবসাইট (www.baira.org.bd)।
৩। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
মনিটরিং শাখা
www.probashi.gov.bd

বায়রা সচিবালয়, ঢাকা
সম্মানিত প্রশাসক .................... সচিব
ম্যানেজার/ওএস/এসও/এও/আইটিও/....................
রিসেপশনিষ্ট
ডকেট/ডায়েরী নং 1292
তারিখ ও সময় 30/7/26

**বিষয়:** রিক্রুটিং এজেন্সি সংশ্লিষ্ট সামগ্রিক কার্যক্রম মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ জেড এম নুরুল হক<br>যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ)<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ১৩-০৭-২০২৬, সকাল: ১০:৩০ ঘটিকা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। অতঃপর নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা অনুষ্ঠানের জন্য সদস্য-সচিবকে অনুরোধ করা হয়। সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয় ও সিদ্ধান্ত গৃহীত হয়:

০২। আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরুপ:

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>২.১ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</td><td>সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী অনুমোদন করা যায় মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়।</td><td>বিগত সভার কার্যবিবরণী অনুমোদন করা হয় এবং এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সদস্য-সচিবকে অনুরোধ করা হয়।</td><td>০১. সিনিয়র সহকারী সচিব (মনিটরিং), প্রকবৈকম</td></tr>
<tr><td rowspan="4">২.২ রিক্রুটিং লাইসেন্স সংক্রান্ত</td><td rowspan="4">বিএমইটি হতে প্রাপ্ত নিম্নোক্ত তথ্য (জুন/২০২৬ পর্যন্ত) সভায় উপস্থাপন করেন:<br><table><tr><td>সচল লাইসেন্স</td><td>২২১৩</td></tr><tr><td>মেয়াদ উত্তীর্ণ</td><td>৩০১</td></tr><tr><td>স্থগিত</td><td>১৭৪</td></tr><tr><td>সমর্পনকৃত</td><td>৫০</td></tr><tr><td>বাতিল</td><td>২৮৭</td></tr><tr><td>মোট</td><td>৩০২৫</td></tr></table>এছাড়াও সভায় সিনিয়র সহকারী সচিব (মনিটরিং) কর্তৃক জুন ২০২৬ মাসের লাইসেন্স সংক্রান্ত নিম্নোক্ত তথ্যাদি উপস্থাপন করেন:<br>(ক) বিএমইটির হতে প্রাপ্ত তথ্য:<table><tr><td>রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে মামলা হয়েছে</td><td>০টি</td></tr></table></td><td>(ক) রিক্রুটিং এজেন্সির লাইসেন্স সংক্রান্ত তথ্যাদি নিয়মিত হালনাগাদ রাখতে হবে।</td><td rowspan="2">০১. সিনিয়র সহকারী সচিব (মনিটরিং), প্রকবৈকম<br><br>০২. পরিচালক (কর্মসংস্থান), বিএমইটি</td></tr>
<tr><td>খ) প্রতি মাসে লাইসেন্সের হালনাগাদ তথ্য প্রেরণ করতে হবে</td></tr>
<tr><td>(গ) লাইসেন্স নবায়ন না-মঞ্জুরের আপীল আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>সিনিয়র সহকারী সচিব (মনিটরিং), প্রকবৈকম</td></tr>
<tr><td>(ঘ) প্রতিমাসের ১০ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসে লাইসেন্স নবায়নের আবেদন নিষ্পত্তি সংক্রান্ত তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</td><td>পরিচালক (কর্মসংস্থান), বিএমইটি</td></tr>
</table>

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr>
<td></td>
<td>
<table>
<tr><td>লাইসেন্স নবায়নের আবেদন পাওয়া গেছে</td><td>জের-৭১টি<br>প্রাপ্ত-৫৩টি<br>মোট-১২৪</td></tr>
<tr><td>নবায়ন অনুমোদন হয়েছে</td><td>৫৪টি</td></tr>
<tr><td>নবায়ন আবেদন নামঞ্জুর হয়েছে</td><td>১৭টি</td></tr>
</table>
(খ) মন্ত্রণালয়ে প্রাপ্ত রিক্রুটিং এজেন্সি সংশ্লিষ্ট জুন/২০২৬ মাসের প্রাপ্ত আবেদন এবং নিষ্পত্তির সংখ্যা:
<table>
<tr><td>রিক্রুটিং এজেন্সির লাইসেন্স নবায়নের আপীল আবেদন</td><td>জের-৬৯<br>প্রাপ্ত-২৪<br>মোট-৯৩</td><td>নিষ্পন্ন ৫৩ টি</td></tr>
<tr><td>রিক্রুটিং এজেন্সির শেয়ার হস্তান্তরের সংক্রান্ত বিএমইটির প্রস্তাব</td><td>জের-১৪<br>প্রাপ্ত-২১<br>মোট-৩৫</td><td>নিষ্পন্ন ৪ টি</td></tr>
<tr><td>রিক্রুটিং এজেন্সির অফিস স্থানান্তর সংক্রান্ত বিএমইটির প্রস্তাব</td><td>জের-০৪<br>প্রাপ্ত-১৬<br>মোট-২০</td><td>নিষ্পন্ন ০৮ টি</td></tr>
<tr><td>জুন/২০২৬ মাসে লাইসেন্স নবায়ন ও শেয়ার হস্তান্তর সংক্রান্ত বিষয়ে জরিমানা আদায়</td><td>৫৯,০ ০,০০০/- টাকা</td><td></td></tr>
</table>
সভায় যে সকল রিক্রুটিং এজেন্সির লাইসেন্স দীর্ঘদিন যাবত লক/স্থগিত করা হয়েছে সে সকল এজেন্সির লাইসেন্স বাতিল করতে হবে অথবা লক খুলে দেয়ার উদ্যোগ নিতে হবে মর্মে পরামর্শ দেন। সভাপতি এ বিষয়ে পরবর্তী সভায় প্রয়োজনীয় হালনাগাদ তথ্যাদি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। এছাড়াও সভায় আরও অবহিত করা হয় যে, রিক্রুটিং এজেন্সির লাইসেন্স নবায়নের আপীল আবেদন মঞ্জুরের প্রেক্ষিতে এজেন্সির লাইসেন্স নবায়নের ক্ষেত্রে ধার্যকৃত জরিমানা সঠিকভাবে আদায় করা হচ্ছে কিনা তা যাচাই-বাছাই করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।
</td>
<td>(ঙ) যে সকল এজেন্সির লাইসেন্স স্থগিত রয়েছে তাদের তালিকা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(চ) রিক্রুটিং এজেন্সির লাইসেন্স নবায়নের আপীল আবেদন মঞ্জুরের প্রেক্ষিতে এজেন্সির লাইসেন্স নবায়নের ক্ষেত্রে ধার্যকৃত জরিমানা যথাযথ আদায় করা হচ্ছে তা অব্যাহত রাখতে হবে।<br><br>(ছ) জরিমানার টাকা সঠিকভাবে আদায়ের প্রমাণক প্রেরণ করতে হবে।</td>
<td>সিনিয়র সহকারী সচিব (মনিটরিং) প্রকবৈকম<br><br>পরিচালক (কর্মসংস্থান), বিএমইটি</td>
</tr>
<tr>
<td>২.৩ বিদেশে মহিলা গৃহকর্মী প্রেরণ সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা</td>
<td>মহিলা কর্মী প্রেরণ সংক্রান্ত তথ্য:
<table>
<tr><td>জুন/২০২৬ পর্যন্ত নারী গৃহকর্মী প্রেরণের জন্য নিবন্ধিত এজেন্সির সংখ্যা</td><td>৭২২ টি</td></tr>
<tr><td>জুন/২০২৬ মাসে নারী গৃহকর্মী প্রেরণের নিবন্ধনের জন্য প্রাপ্ত আবেদন</td><td>জের-৮ টি<br>প্রাপ্ত-৩ টি<br>মোট-১১ টি</td></tr>
</table>
</td>
<td>(ক) তথ্যগুলো নিয়মিত হালনাগাদ রাখতে হবে।<br>(খ) পরবর্তী সভার আগে আবেদগুলো নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>সিনিয়র সহকারী সচিব (মনিটরিং), প্রকবৈকম</td>
</tr>
</table>

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td rowspan="3">২.৪ রিক্রুটিং এজেন্সিসমূহের বিরুদ্ধে আনীত অভিযোগ নিষ্পত্তি পর্যালোচনা</td><td rowspan="3">সভায় রিক্রুটিং এজেন্টের বিরুদ্ধে মন্ত্রণালয় এবং বিএমইটিতে প্রক্রিয়াধীন অভিযোগসমূহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি সভায় অবহিত করেন যে, পরবর্তী সভায় মাসভিত্তিক অভিযোগের সামারিসহ অভিযোগ নিষ্পত্তির হালনাগাদ তথ্যাদি উপস্থাপন করতে হবে। এ বিষয়ে সভাপতি কর্তৃক এনফোর্সমেন্ট শাখার কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়।<br>এছাড়াও সভায় সিনিয়র সহকারী সচিব (মনিটরিং) কর্তৃক জুন-২০২৬ মাসের অভিযোগ ও ক্ষতিপূরণ আদায় সংক্রান্ত নিম্নোক্ত তথ্যাদি উপস্থাপন করেন:<br>অভিযোগের ও ক্ষতিপূরণ আদায়ের তথ্য: মন্ত্রণালয়
<table>
<tr><td>মোট অভিযোগ</td><td>৭৩টি</td></tr>
<tr><td>পূর্বের জের</td><td>২০৮টি</td></tr>
<tr><td>মোট অভিযোগ (জেরসহ)</td><td>২৮১টি</td></tr>
<tr><td>অভিযোগ নিষ্পত্তি</td><td>৫০ টি</td></tr>
<tr><td>অনিষ্পন্ন অভিযোগ</td><td>২৩১ টি</td></tr>
<tr><td>মোট ক্ষতিপূরণ আদায়</td><td></td></tr>
</table>
অভিযোগের ও ক্ষতিপূরণ আদায়ের তথ্য: বিএমইটি
<table>
<tr><td>মোট অভিযোগ</td><td>১৭২টি</td></tr>
<tr><td>পূর্বের জের</td><td>২৫০৮টি</td></tr>
<tr><td>মোট অভিযোগ (জেরসহ)</td><td>২৬৮০টি</td></tr>
<tr><td>অভিযোগ নিষ্পত্তি</td><td>১১২ টি</td></tr>
<tr><td>অনিষ্পন্ন অভিযোগ</td><td>২৫৬৮ টি</td></tr>
<tr><td>মোট ক্ষতিপূরণ আদায়</td><td>৭৪,৪৯,০০০/- টাকা</td></tr>
</table>
সভায় সভাপতি পরবর্তী সভায় রিক্রুটিং এজেন্সি সংশ্লিষ্ট মামলার তথ্যাদি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।</td><td>(ক) অভিযোগ সংক্রান্ত তথ্য নিয়মিত হালনাগাদ রাখতে হবে<br>(খ) শুনানীর ক্ষেত্রে এজেন্সির মুল মালিক /স্বত্বাধিকারীর উপস্থিত থাকতে হবে।</td><td>০১. সিনিয়র সহকারী সচিব (এনফোর্সমেন্ট) প্রকৌশলী<br>০২. পরিচালক (কর্মসংস্থান), বিএমইটি</td></tr>
<tr><td>(গ) নির্ধারিত সময়ের মধ্যে বিধিবদ্ধ পদ্ধতিতে অভিযোগ নিষ্পত্তি নিশ্চিত করতে হব<br>(ঘ) অভিযোগ নিষ্পত্তির হালনাগাদ তথ্য প্রতিমাসে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</td><td>০১. সিনিয়র সহকারী সচিব, (এনফোর্সমেন্ট) প্রকৌশলী<br>০২. পরিচালক (কর্মসংস্থান ও এনফোর্সমেন্ট), বিএমইটি<br><br>পরিচালক (কর্মসংস্থান), বিএমইটি</td></tr>
<tr><td>(ঙ) প্রাপ্ত অভিযোগসমূহ পত্র নিবন্ধন রেজিস্টারে এন্ট্রি থাকলেও অভিযোগ নিবন্ধন রেজিস্টারে পৃথকভাবে এন্ট্রি করতে হবে।<br>(চ) রিক্রুটিং এজেন্সি সংশ্লিষ্ট মামলার তথ্যাদি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ছ) সালিশি নিষ্পত্তি না হওয়ার কারণ জানানোর জন্য পত্র প্রেরণ করতে হবে।<br>(জ) অভিযোগের বিষয়ে শুনানীতে অবশ্যই এজেন্সির স্বত্বাধিকারী/মুল মালিককে উপস্থিত থাকতে হবে।</td><td>সিনিয়র সহকারী সচিব (এনফোর্সমেন্ট) প্রকৌশলী</td></tr>
<tr><td>২.৫ রিক্রুটিং এজেন্সির অফিস স্থানান্তর</td><td>সভায় রিক্রুটিং এজেন্সিসমূহের অফিসের ঠিকানা RAIMS ও OEP তে হালনাগাদ, অফিস স্থানান্তরের কারণ, উদ্দেশ্য ও প্রয়োজনীয়তার যৌক্তিকতা এবং অফিস পাওয়া না গেলে পরিদর্শন কর্মকর্তাকে তার প্রতিবেদনে লাইসেন্স বাতিল/স্থগিতের প্রস্তাব/সুপারিশ করতে হবে।</td><td>ক) রিক্রুটিং এজেন্সিসমূহের স্থানান্তরিত অফিসের ঠিকানা RAIMS ও OEP তে হালনাগাদ করতে হবে।<br>খ) অফিস স্থানান্তরের কারণ, উদ্দেশ্য ও প্রয়োজনীয়তার যৌক্তিকতা বাস্তবসম্মতভাবে পরিদর্শনপূর্বক স্পষ্ট মতামত ও সুপারিশসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>গ) রিক্রুটিং এজেন্সির অনুমোদিত ঠিকানায় অফিস পাওয়া না গেলে পরিদর্শন কর্মকর্তাকে তার প্রতিবেদনে লাইসেন্স বাতিল/স্থগিতের প্রস্তাব/সুপারিশ করতে হবে।<br>(ঘ) রিক্রুটিং এজেন্সির লাইসেন্স নবায়ন, শেয়ার হস্তান্তর, অফিস স্থানান্তর সংক্রান্ত রেজিস্টার আলাদাভাবে সংরক্ষণ করতে হবে।</td><td>পরিচালক (কর্মসংস্থান), বিএমইটি<br><br>পরিচালক (কর্মসংস্থান), বিএমইটি</td></tr>
</table>

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.৬ রিক্রুটিং এজেন্সিসমূহের কার্যক্রম পর্যালোচনা ও পরিদর্শন | (ক) সভাপতি যে সকল এজেন্সি RAIMS ও OEP এর অন্তর্ভূক্ত হয়নি তাদেরকে RAIMS ও OEP তে অন্তর্ভূক্তির বিষয়ে নির্দেশনা দিতে হবে মর্মে উল্লেখ করেন। এছাড়াও পরবর্তী সভায় RAIMS এর অন্তর্ভূক্ত এজেন্সির বিষয়ে তথ্য উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। এছাড়াও সভায় অবহিত করা হয় যে, রিক্রুটিং এজেন্সি এবং তালিকাভুক্ত মেডিকেল সেন্টারসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। | (ক) সকল রিক্রুটিং এজেন্সিসমূহের RAIMS এ অন্তর্ভুক্তির বিষয়ে বায়রা ও বিএমইটি কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ০২. সভাপতি, বায়রা<br>০১. পরিচালক (কর্মসংস্থান), বিএমইটি |
| | | (খ) রিক্রুটিং এজেন্সির কার্যক্রম এবং তালিকাভুক্ত মেডিকেল সেন্টারসমূহ মন্ত্রণালয়ের GPMS এর লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিদর্শন করতে হবে।<br>(গ) রিক্রুটিং এজেন্সি কার্যক্রম পরিদর্শন সংক্রান্ত একটি টিম গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। মন্ত্রণালয় ও বিএমইটি'র কর্মকর্তাদের সমন্বয়ে টিম গঠন করে রিক্রুটিং এজেন্সির কার্যক্রম সরজমিন পরিদর্শন করতে হবে।<br>(ঘ) প্রতিমাসে বায়রা কর্তৃক ১০ টি এজেন্সির অফিস পরিদর্শনপূর্বক সুপারিশসহ প্রতিবেদন দাখিল করতে হবে।<br>(ঙ) রিক্রুটিং এজেন্সি ও মেডিকেল সেন্টার পরিদর্শন<br>কালে যে সকল ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হবে তা সংশ্লিষ্টি কর্তৃপক্ষেকে বাস্তবায়নের জন্য নির্দেশ প্রদান করতে হবে। | ১. সিনিয়র সহকারী সচিব (মনিটরিং) প্রকবৈকম<br>২. পরিচালক (কর্মসংস্থান), বিএমইটি<br>৩.সভাপতি, বায়রা |
| ২.৭ রিক্রুটিং এজেন্সির শেয়ার হস্তান্তর/মালিকানা পরিবর্তন/নাম ও পদবি পরিবর্তন | শেয়ার হস্তান্তরের বিষয়ে সভাপতি অবহিত করেন যে, প্রায় দেখা যায় যে, লাইসেন্স বইয়ে ব্যবস্থাপনা অংশীদারের নাম অন্তর্ভুক্ত হওয়ার পর পরবর্তী সময়ে মূল লাইসেন্সধারী/মূল মালিক প্রতিষ্ঠান হতে অব্যাহতি গ্রহণ করেন এবং ব্যবসা পরিচালনা থেকে সরে দাঁড়ান। এর ফলে কার্যত লাইসেন্সের নিয়ন্ত্রণ নতুন অংশীদারের নিকট স্থানান্তরিত হয়। | বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩-এর ধারা ১৭(১)-এর আলোকে সুপারিশসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে। | মহাপরিচালক বিএমইটি |
| ২.৮ রিক্রুটিং এজেন্সিসমূহের ডিজিটালাইজেশন | সভায় সিনিয়র সহকারী সচিব (মনিটরিং) অবহিত করেন যে, বিএমইটি হতে বিবেচ্য মাসে রিক্রুটিং এজেন্সির ওয়েব সাইট ডিজিটালাইজেশনের তথ্য পাওয়া যায়নি। সভাপতি সভায় পরবর্তীতে এ সংক্রান্ত তথ্য উপস্থাপন নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন। বিষয়টি মন্ত্রণালয়ের ICT ওয়ার্ক প্ল্যানের অন্তর্ভূক্ত থাকায় এ বিষয়ে গুরুত্বারোপ করা হয়। এ বিষয়ে পবরর্তী সভায় তথ্যাদি উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। | (ক) বিএমইটির কর্মকর্তাগণ রিক্রুটিং এজেন্সিসমূহ পরিদর্শনকালে ওয়েব সাইট থাকার বিষয়টি এবং অন্যান্য ডিজিটালাইজেশন কার্যক্রম পরিদর্শন করবেন। | ১.সিনিয়র সহকারী সচিব (মনিটরিং) প্রকবৈকম<br>২. পরিচালক (কর্মসংস্থান), বিএমইটি<br>৩.সভাপতি, বায়রা |

০৩। সভার আলোচ্যসূচিতে আর কোন বিষয় না থাকায় পারস্পরিক ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
তাং-২২.০৭.২০২৬
(এ জেড এম নুরুল হক)
যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ)
ও
আহবায়ক
রিক্রুটিং এজেন্সিসমূহের কার্যক্রম মনিটরিং সংক্রান্ত কমিটি

স্মারক নম্বর-৪৯.০০.০০০০.০৫৭.২৭.২৮০.২২- ৮২৪(৭)/৫ তারিখ: ০৭ আষাঢ় ১৪৩৩ / ২২ জুলাই ২০২৬

বিতরণ- সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১। যুগ্মমহাসচিব, বায়রা, ১৩০ নিউ ইস্কাটন রোড, ঢাকা।
০২। উপসচিব (আইন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
০৩। পরিচালক (কর্মসংস্থান), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০
০৪। পরিচালক (মনিটরিং অ্যান্ড এনফোর্সমেন্ট), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০
০৫। সিনিয়র সহকারী সচিব (এনফোর্সমেন্ট ১/২/৩/৪), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা

অনুলিপি (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০২। যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৩। অফিস কপি।

22/07/26

(রাশিদা আক্তার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২-৫৫১৩৮০৮৬